পশ্চিমবঙ্গ সরকার

অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার

৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা - ৭০০০০১

স্মারকলিপি নং ১২১৩/ ১(২৫)-বি.সি.ডব্লিউ.টি.ডি.

তারিখ ০৩/০১/২০২০

প্রতি : ১-২৪) প্রকল্প আধিকারিক-তথা-জেলা কল্যাণ আধিকারিক/জেলা কল্যাণ আধিকারিক

পূর্ব-বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হুগলী, হাওড়া, কলকাতা, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, নদিয়া, মুর্শিদাবাদ, মালদহ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, শিলিগুড়ি, দার্জিলিং (জি.টি.এ.), কালিম্পং, কুচবিহার ও পুরুলিয়া।

২৫) অধিকর্তা, সি. আর. আই. কলকাতা।

বিষয় : আদিবাসী ভাষায় রচিত ২৪তম একাংক নাটক প্রতিযোগিতা।

মহাশয়/মহাশয়া,

প্রতি বছরের মতো এই আর্থিক বছরেও আদিবাসী একাংক নাটক অনুষ্ঠিত হবে। একাংক নাটক প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী নাট্যদলকে পূর্ব বৎসরের ন্যায় সংশ্লিষ্ট জেলা আধিকারিকের দপ্তর থেকে (বিনামূল্যে) ফর্ম সংগ্রহ করতে হবে। ফর্মের সাথে নিয়মাবলীর অংশবিশেষও (বিনামূল্যে) দেওয়া হবে। বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতার সূচীপত্রটিও একই সাথে পাঠানো হল। নিয়মাবলী ও অন্যান্য আনুষঙ্গিক বিষয় পূর্বের বৎসরের ন্যায় বলবৎ থাকবে (নিয়মাবলীর অনুলিপি সংযোজিত হল)। জেলার সর্বত্র কর্মসূচীর ব্যাপক প্রচার একান্ত প্রয়োজনীয়। এই উদ্দেশ্যে জরুরি ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করতে হবে। কেন্দ্রীয় ভাবে দৈনিক সংবাদ পত্রে বিজ্ঞাপন প্রকাশ করা হচ্ছে, তবে আগ্রহী নাট্যদলের কাছে প্রতিযোগিতার বার্তা যথাযথ ভাবে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে দৈনিক সংবাদপত্রের বিজ্ঞাপনের চাইতে স্থানীয় প্রচার অনেক বেশী ফলপ্রসূ হবে। একথা স্মরণে রেখে জেলা পর্যায়ে কর্মসূচীটির প্রচারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হচ্ছে। প্রসঙ্গত, এই সঙ্গে যুক্ত নির্ধারিত সূচী অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে একাংক নাটক প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে। কোনো অবস্থাতেই স্থানীয় সিদ্ধান্তের ভিত্তিতে এই সূচীর সংশোধন অথবা সংযোজন করা যাবে না। এ বিষয়ে কোনো অসুবিধা হলে, অত্র অফিসে দ্রুত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

আদিবাসী ভাষায় রচিত ২৪ তম একাংক নাটকের চূড়ান্ত প্রতিযোগিতা আগামী ২৯/০১/২০২০ থেকে ৩১/০১/২০২০ তারিখে আলিপুরদুয়ার জেলায় অনুষ্ঠিত হবে । তার পূর্বে অর্থাৎ ২০/০১/২০২০ মধ্যে সমস্ত ব্লক ও জোনাল স্তরের প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে।

আবেদন পত্র গ্রহণের শেষ তারিখের পর এক সপ্তাহের মধ্যে গৃহীত আবেদনকারীদের নামের একটি তালিকা অত্র অফিসে পাঠাতে হবে। সুতরাং, দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

ভবদীয়,

মহাধ্যক্ষ

অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন

পশ্চিমবঙ্গ সরকার

স্মারকলিপি নং ১২১৬ /১ (২৫)-বি.সি.ডব্লিউ.টি.ডি. তারিখ ০৬/০৯/২০২০

সানুগ্রহ অবগতির জন্য অনুলিপি পাঠানো হল :

১। সভাধিপতি,...জেলা পরিষদ।

২। প্রধান সচিব, আদিবাসী উন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

৩। প্রধান সচিব, জি.টি.এ.।

৪। জেলা শাসক,...।

৫। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, আদিবাসী উন্নয়ন দপ্তর।

মহাধ্যক্ষ
অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন
পশ্চিমবঙ্গ সরকার

আদিবাসী শ্রেণী ভাষায় রচিত একাংক নাটক প্রতিযোগিতা

নিয়মাবলী

(১) প্রতিযোগিতা ৩টি পর্যায়ে অনুষ্ঠিত হবে :

(ক) প্রাথমিক
(খ) আঞ্চলিক
(গ) চূড়ান্ত

(২) অঞ্চল এবং অঞ্চলের পরিধি নিম্নরূপ হবে :

অঞ্চল	
(ক) পশ্চিম মেদিনীপুর	পশ্চিম ও পূর্ব মেদিনীপুর, ও ঝাড়গ্রাম জেলার সমগ্র এলাকা
(খ) বাঁকুড়া	বাঁকুড়া জেলার সমগ্র এলাকা
(গ) পুরুলিয়া	পুরুলিয়া জেলার সমগ্র এলাকা
(ঘ) বীরভূম	বীরভূম ও মুর্শিদাবাদ জেলার সমগ্র এলাকা
(ঙ) বর্ধমান	পশ্চিম ও পূর্ব বর্ধমান, ও নদীয়া জেলার সমগ্র এলাকা
(চ) মালদহ	মালদহ এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার সমগ্র এলাকা
(ছ) শিলিগুড়ি	দার্জিলিং ও কালিম্পং জেলার সমগ্র এলাকা
(জ) জলপাইগুড়ি	জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার সমগ্র এলাকা
(ঝ) কলকাতা	কলকাতা , উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া এবং হুগলী জেলার সমগ্র এলাকা

---- পরের পাতায় ----

(৩) একটি প্রাথমিক প্রতিযোগিতা কেন্দ্রে ন্যূনপক্ষে ১৫ এবং অনধিক ২৫টি নাট্যদল অংশগ্রহণ করবে। প্রাথমিক প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী নাট্যদলকে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। সংশ্লিষ্ট জেলা আধিকারিক, অনগ্রসর কল্যাণ বিভাগ প্রথম স্থানাধিকারী নাট্যদল এবং দলের অংশগ্রহণকারী সকল সদস্যের নাম ও ঠিকানা সংশ্লিষ্ট আঞ্চলিক কমিটির আহ্বায়ক-তথা-অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের জেলা আধিকারিককে প্রতিযোগিতার অনুষ্ঠান শেষ হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে জানাবেন। সঙ্গে প্রথম স্থান প্রাপ্ত নাটকের নাম ও বিষয়বস্তুর সারসংক্ষেপ পাঠাতে হবে।

(৪) কোন অঞ্চলে ১৫টির কম নাট্যদল আবেদনপত্র জমা দিলে সেই অঞ্চলে প্রাথমিক প্রতিযোগিতার আয়োজন করা হবে না, সরাসরি আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করা হবে। আঞ্চলিক প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী নাট্যদলকে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট জেলা আধিকারিক আঞ্চলিক পর্যায়ে প্রথম স্থানাধিকারী নাট্যদল ও দলের অংশগ্রহণকারী সদস্যদের নাম ও. ঠিকানা চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য নির্দিষ্ট জেলার অনগ্রসর শ্রেণী কল্যাণ আধিকারিকের কাছে প্রতিযোগিতা শেষ হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে পাঠাবেন। সঙ্গে প্রথম স্থান প্রাপ্ত নাটকের পাণ্ডুলিপি (মুদ্রিত হলে জেরক্স কপি) অবশ্যই পাঠাতে হবে।

(৫) অংশগ্রহণকারী নাট্যদলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য কোনরূপ প্রবেশমূল্য দিতে হবে না।

(৬) প্রতিযোগিতায় অংশগ্রহনেচ্ছু নাট্যদলকে নির্ধারিত ফর্মে অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট জেলা প্রকল্প আধিকারিক-তথা-জেলা উন্নয়ন আধিকারিক/জেলা উন্নয়ন আধিকারিক/অনগ্রসর শ্রেণী কল্যাণ আধিকারিকের কাছে নির্দিষ্ট সময়সারণী অনুযায়ী আবেদনপত্র জমা দিতে হবে। অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের উল্লিখিত আধিকারিকদের দপ্তর থেকে ফর্ম বিনামূল্যে সংগ্রহ করা যাবে। কলকাতার নাট্যদলের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের অন্তর্গত সাংস্কৃতিক গবেষণাগারের অধিকর্তার দপ্তর থেকে এই ফর্ম পাওয়া যাবে এবং আবেদনপত্র জমা দেওয়া যাবে।

---- পরের পাতায় ----

(৭) আবেদনকারী নাট্যসংস্থাকে প্রথম পর্যায়ে প্রাথমিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। ৪নং নিয়ম অনুযায়ী প্রাথমিক প্রতিযোগিতার অনুষ্ঠান না হলে আবেদনকারী নাট্যসংস্থাকে সরাসরি আঞ্চলিক প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। প্রতিবছরের চূড়ান্ত প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারী নাট্যদলকে পরবর্তী বছরে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। এই নাট্যদলগুলিকেও নির্ধারিত ফর্মে অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট জেলা আধিকারিকের কাছে আবেদনপত্র জমা দিতে হবে।

(৮) প্রাথমিক, আঞ্চলিক এবং চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী নাট্যদলকে প্রযোজনা সহায়তা বাবদ আর্থিক সহযোগিতা প্রদান করা হবে। অর্থের পরিমাণ অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ নির্ধারণ করবে।

(৯) আঞ্চলিক প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী নাট্যদলকে নগদ অর্থমূল্যে পুরস্কৃত করা হবে, সঙ্গে শংসাপত্র প্রদান করা হবে। অর্থমূল্যের পরিমাণ অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ নির্ধারণ করবে।

(১০) চূড়ান্ত প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারী নাট্যদলকে নগদ অর্থমূল্যে পুরস্কৃত করা হবে। পাশাপাশি শ্রেষ্ঠ পরিচালক, শ্রেষ্ঠ নাট্যকার, শ্রেষ্ঠ অভিনেতা এবং শ্রেষ্ঠ অভিনেত্রীকে নগদ অর্থমূল্যে পুরস্কৃত করা হবে। প্রতিটি ক্ষেত্রেই শংসাপত্রও প্রদান করা হবে। প্রতি ক্ষেত্রে অর্থের পরিমাণ অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ নির্দিষ্ট করবে। চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিটি নাট্যদলের সকল অংশগ্রহণকারী সদস্যদের শংসাপত্র প্রদান করা হবে।

(১১) পশ্চিমবঙ্গে প্রচলিত যে কোন আদিবাসী ভাষায় নাটক পরিবেশন করা যাবে।

(১২) জাত-পাতের ভেদাভেদ ও ধর্মীয় মৌলবাদী চিন্তাকে প্রশ্রয়দানকারী, দেশের সংহতি অক্ষুন্ন রাখার প্রশ্নে জনমানসে বিরূপ মনোভাব সৃষ্টিকারী এবং সুস্থ সাংস্কৃতিক পরিবেশ বিনষ্টকারী কোন নাটক প্রতিযোগিতায় পরিবেশন করা যাবেনা।

(১৩) কোন অভিনেতা, অভিনেত্রী এবং নেপথ্য নাটকর্মী একের বেশী নাট্যদলের প্রযোজনায় অংশগ্রহণ করতে পারবেন না।

(১৪) প্রতিযোগী নাট্যদলকে নির্দিষ্ট সূচি অনুযায়ী নাটক পরিবেশন করতে হবে।

(১৫) নিয়মের ব্যতিক্রমকারী নাট্যদলের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং সেই নাট্যদলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবেনা। অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট আধিকারিক এবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(১৬) প্রতি পর্যায়ের প্রতিযোগিতাতেই ১ (এক) ঘন্টার সময়সীমার মধ্যে নাটক পরিবেশন করতে হবে।

মহাধ্যক্ষ

অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন

পশ্চিমবঙ্গ সরকার
অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার

আদিবাসী শ্রেণী ভাষায় রচিত একাংক নাটক প্রতিযোগিতায় অংশগ্রহনেচ্ছু সংস্থার আবেদন পত্রের প্রাপ্তি স্বীকার এবং প্রতিযোগিতার সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপরোক্ত বিষয়ে...সংস্থার (ঠিকানা................................ ....).. তারিখের আবেদন পত্রটি পেলাম।

প্রাথমিক / জোন ভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণের তারিখ....................................সময়................... ও স্থান...। এই সূচি অনুযায়ী সংস্থাটিকে নাটক পরিবেশন করতে হবে। অনুষ্ঠানের ২(দুই) ঘন্টা পূর্বে সংস্থাটিকে সকল অংশগ্রহণকারী সহ প্রতিযোগিতা স্থলে রিপোর্ট করতে হবে।

অফিসের সীল

স্বাক্ষর ও তারিখ

বিশেষ দ্রষ্টব্য : উপরের প্রথম অনুচ্ছেদে সংস্থার নাম ও ঠিকানা আবেদনকারী সংস্থাকে পূরণ করে আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে। দ্বিতীয় অনুচ্ছেদে প্রতিযোগিতার তারিখ, সময় ও স্থান অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট জেলা আধিকারিকের দপ্তর থেকে পূরণ করা হবে।

আদিবাসী শ্রেণী ভাষায় রচিত একাংক নাটক প্রতিযোগিতা

প্রতি : **মহাধ্যক্ষ**
অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন
পশ্চিমবঙ্গ সরকার
৮নং, লায়ন্স রেঞ্জ, কলকাতা - ৭০০০০১

মহাশয়,

পশ্চিমবঙ্গ সরকারের আদিবাসী উন্নয়ন বিভাগ আয়োজিত আদিবাসী শ্রেণী ভাষায় রচিত একাংক নাটক প্রতিযোগিতায় আমাদের সংস্থা অংশগ্রহণ করতে আগ্রহী। নির্দিষ্ট কাঠামো অনুযায়ী নীচে বিস্তৃত তথ্য পরিবেশন করছি।

(১) সংস্থার নাম :
(২) গঠনের বছর :
(৩) ঠিকানা :
(৪) সংস্থাটি রেজিষ্টার্ড কিনা (যেটি প্রযোজ্য ✔'চিহ্ন দিন) : হ্যাঁ / না
(৫) কর্মকর্তাদের নাম ও ঠিকানা : নাম ঠিকানা
সভাপতি :
সম্পাদক :
কোষাধ্যক্ষ :
(৬) এযাবৎ পরিবেশিত নাটকের নাম :
(৭) পূর্নাঙ্গ নাটক পরিবেশন করেছেন কিনা (যেটি প্রযোজ্য ✔ চিহ্ন দিন) : হ্যাঁ / না
(৮) ইতিপূর্বে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন কিনা (যেটি প্রযোজ্য ✔ চিহ্ন দিন) : হ্যাঁ / না
(৯) ইতিপূর্বে প্রতিযোগিতায় পরিবেশিত নাটকের নাম (৮নং প্রশ্নের উত্তর হ্যাঁ হলে) :
(১০) কোন পুরস্কার পেয়েছেন কিনা, পেয়ে থাকলে কি কি পুরস্কার :
(১১) যে নাটকটি প্রতিযোগিতায় পরিবেশিত হবে তার নাম :

পরের পাতায় ----

(১২) নাটকটির বিষয়বস্তুর সারসংক্ষেপ এই সঙ্গে যুক্ত করা হল (যেটি প্রযোজ্য ✔ চিহ্ন দিন)। সারসংক্ষেপ ভিন্ন পাতায় লিখে এই সঙ্গে যুক্ত করুন) : হ্যাঁ / না

(১৩) নাটকের ভাষা :

(১৪) নাট্যকারের নাম ও ঠিকানা :

(১৫) নাট্য পরিচালকের নাম ও ঠিকানা :

(১৬) নাটকের সংগীত পরিচালকের নাম ও ঠিকানা

চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হলে আমরা উল্লিখিত নাটকের পাণ্ডুলিপি নির্দিষ্ট আধিকারিক মহাশয়ের কাছে জমা দেবো। আপনাকে আরও জানাই যে, প্রতিযোগিতার নিয়মাবলী আমরা মেনে চলতে বাধ্য থাকব।

আশাকরি, আপনি আমাদের আবেদন মঞ্জুর করে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেবেন। প্রসঙ্গত আপনাদের সূচি অনুযায়ীই আমরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করব।

স্থান :

ভবদীয়

তারিখ :

সম্পাদক

ক্রমিক ....